# স্বাধীনতা ও দায়িত্বশীলতা

# স্বাধীনতা
# ও
# দায়িত্বশীলতা

Mikrakbo

এই পুস্তিকাটি আমাদের মাধ্যমে প্রকাশিত অনেকগুলো পুস্তিকার মধ্যে একটি যা নবম দশম শ্রেণী ও কলেজ ছাত্র-ছাত্রীদের নৈতিক চিন্তা বিকাশে গুরুত্ব প্রদান করে। **"Mikrakbo"** এই প্রকাশনাটি বাস্তবায়ন করেছে এবং এই প্রকাশনার মাধ্যমে কোর্স প্রদান করে থাকে। **"Mikrakbo"** এই কোর্সটির সার্বিক তত্ত্বাবধান করে। **"Mikrakbo"** হচ্ছে একটি সংগঠন যারা আন্তঃমন্ডলী কমিটির মাধ্যমে স্বাধীনভাবে বৃহত্তর ময়মনসিংহ এলাকায় কাজ করে।

**"Mikrakbo"** ইতিমধ্যে নিম্নলিখিত পুস্তিকাসমূহ প্রকাশ করেছে;

১. রাজা এবং ফুলকুমারী
২. বন্ধুত্ব
৩. আবেগ
৪. স্বাধীনতা ও দায়িত্বশীলতা
৫. অভ্যাস

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন :

**Mikrakbo**
অয়নিকা ভবন
বাসা নং ৫/আই
খ্রিষ্টানপাড়া, জয়নুল আবেদীন রোড
কাঁচিঝুলি, ময়মনসিংহ

CC BY-ND
এই প্রকাশনাটি ক্রিয়েটিভ কমন্স থেকে লাইসেন্স প্রাপ্ত
এটি স্বাধীনভাবে ব্যবহার করার জন্য কিন্তু কোন পরিবর্তন বা বিক্রির জন্য নয়।

# স্বাধীন হওয়া মানে কি ?

তুমি স্বাধীন যখন এমন কিছু কর যা তুমি নাও করতে পার (কথায়, চিন্তায় অথবা কাজে)। দায়িত্বশীলতা হওয়া মানে কি? তুমি দায়িত্বশীল যখন তুমি সচেতনভাবে এমন কিছু কর যা তুমি নাও করতে পার (কথায়, চিন্তায় অথবা কাজে)। তুমি যদি উদ্দ্যোগ নাও এবং তুমি কি কর তবে তুমি তোমার কাজের জন্য দায়ী। সুতরাং তোমার স্বাধীনতার অধিকার আছে কিন্তু দায়িত্ব বহন করার কর্তব্যও আছে। নিচের উদাহরণগুলি লক্ষ্য করি।

রীণার স্বামী একজন বেকার। কারণ সে সহজে ঝগড়া করে এবং সঠিক সময়ে কাজে যায়না। কিন্তু রীণা একজন কর্মজীবী মহিলা। অফিসের কাজের সাথে সাথে সে ঘরের কাজগুলোও করে। রীণার ছোট বোনের স্বামী দুই সন্তানসহ তার ছোটবোনকে রেখে চলে গেছে। আর রীণাই সে সন্তানের দেখাশুনা করছে। রীণার ছোট ভাইও মাঝে মাঝে আসে। কয়েকদিন থাকার পর রীণার ভাই যখন চলে যায় তখন রীণা তার ভাইয়ের দোকান বাকিগুলো পরিশোধ করে। রীণার স্বামী নেশা করে। একবার মাতাল হয়ে একটি মেয়ের সাথে দূর্ব্যবহার করেছে। মেয়েকে চিকিৎসা করার প্রয়োজন হয়েছে এবং রীণা সে খরচ বহন করেছে। রীণার এখন অনেক ঋণ আছে।
কেন রীণা এসব দায়িত্ব নিচ্ছে ? তুমি কি রীণার মতো কাউকে চেন?

কমল একদিন তার বন্ধু মতির কাছে টাকা চাইতে যায়। মতি বলে সে সাহায্য করতে পারবেনা। এতে কমল খুব অসন্তুষ্ট হয় এবং সে মতিকে বলে সে কখনো আর তার সাথে যোগাযোগ রাখবেনা। একথা শুনে মতি একটু ভয় পায়। কারণ কমল মতির অনেক গোপন বিষয় জানে। মতি মনে করে কমল তার উপর অসন্তুষ্ট থাকলে কমল তার

বিষয়ে অন্যদের বলবে। পরের দিন মতি টাকা ধার করে কমলকে দিয়ে আসে। কমল বলে আমি জানতাম তুমি আমাকে খালি হাতে ফিরাবেনা।
এই কাহিনীর মধ্যে কে স্বাধীন ? কে দায়িত্বশীল ? কমল এবং মতির বন্ধুত্ব কি প্রকারের ?

রবীন যা ইচ্ছে তাই করে। যখন সে বাড়িতে থাকে তখন সে মাঝে মাঝে বাবাকে সাহায্য করে; মাঝে মাঝে করেনা। লেখাপড়া একঘেয়েমী বলে সে স্কুলে যাওয়া বন্ধ করেছে। রবীনের একজন প্রেমিকা ছিল কিন্তু কিছুদিন আগে তাকে ছেড়ে দিয়ে অন্য আরেকজনের সাথে প্রেম করছে। যখন তার টাকার প্রয়োজন হয় তখন সে কাজ করে। তারপর সে জোয়া খেলে টাকা হারায়। তার বন্ধুরা ঠিক তার মতোই। তারা সবাই খুব আনন্দ করে।
রবীনের জীবন কেমন হবে এ বিষয়ে তুমি কি মনে কর ? রবীন কি স্বাধীন ? রবীন কি তার দায়িত্ব পালন করে ?

শিল্পী একজন ভাল ছাত্রী। সে পরীক্ষায় কখনো নকল করেনা। আর যারা নকল করে তাদেরকে সে পছন্দ করেনা। এই বছর শিল্পী প্রেমে পড়েছে। তার প্রেমিক মোবাইলে বার বার কল করে এবং সারা রাত কথা বলে। শিল্পী পরীক্ষার জন্য ভাল প্রস্তুতি নেয়নি। পরীক্ষার সময় সে নকল করে লেখে। শিল্পী পাস করে। কিন্তু যখন শুনে তার এক বান্ধবী নকল করায় পরীক্ষা থেকে বরখাস্ত হয়েছে তখন সে ঐ বান্ধবীকে নিয়ে সমালোচনা করে। শিল্পী বলে এই মেয়েটা খুব খারাপ এবং সে তার সাথে যোগাযোগ করা বন্ধ করে দেয়।
শিল্পী কেন এমন ব্যবহার করে তুমি তা বলতে পার ? শিল্পী কি স্বাধীন ? সে কি দায়িত্বশীল ?

অনেকবার আমরা আমাদের চিন্তা, কথা ও কাজের জন্য দায়িত্ব নিতে চাই না। নানা রকম অজুহাত তুলে ধরে আমরা অন্যদের অথবা পরিস্থিতিকে দোষ দেই। এমন কাজ করা আমাদের জন্য ঠিক নয়। কেননা আমরা নিজের জন্যও মিথ্যেবাদী হই। যদি আমরা আসলেই স্বাধীন হতে চাই তাহলে অবশ্যই আমাদের সিদ্ধান্ত এবং কাজের জন্য দায়িত্ব বহন করতে হবে। তার জন্যে নিজেকে চিনতে হবে। নিজেকে না চিনলে আমরা অন্যদের সাথে সুসম্পর্ক রাখতে পারবনা।

মূল কথা হচ্ছে - ন্যায়পরায়ণতা বলতে নিয়ম অনুসারে চলা। এর তিনটি ধাপ আছে।

১. সঠিক আচরণ চিহ্নিত করি।

২. আমি সে অনুসারে কাজ করি এমনকি সেটি যখন আমার জন্য অসুবিধা সৃষ্টি করে।

৩. আমি প্রকাশ্যে বলি এটাই আমার নিয়ম।

কয়েকটি নিয়ম দেওয়া হলো ঃ

**ছোট কাজও ঠিকমতো করো ঃ**

যে ছোট মিথ্যে কথা বলে সেও মিথ্যেবাদী। যে অল্প কিছু চুরি করে সেও চোর। তুমি ধরা পড় কিনা সেটা বড় বিষয় নয়। অল্পতে যদি বিশ্বাসযোগ্য নাও হও তবে তুমি বড় বিষয়েও বিশ্বাসযোগ্য হবেনা।

**ভুল স্বীকার করা ঃ**

তুমি যেমন কিছু কাজ ভাল করতে পার তেমনি সবার মতো ভুলও করতে পার।

**পরিস্থিতির কারণে পরিবর্তন করোনা ঃ**

সবাই সব সিদ্ধান্ত পছন্দ করেনা। তা যত ভাল হোকনা কেন। তুমি যখন কিছু করতে চাও তখন মাঝে মাঝে কিছু সমস্যাও হতে পারে। যদি তুমি মনে কর তোমার কাজ ঠিক তাহলে তুমি এসব বাধা না দেখে করে যাও।

**মানুষকে শ্রদ্ধা কর ঃ**

সে আমার কাজে লাগে কিনা সেটা বড় কথা নয়। মানুষ মানুষই, সেটিই বড় বিষয়। তাদের শ্রদ্ধা কর। তোমার দায়িত্বশীলতার মধ্য দিয়ে অন্যদের দায়িত্বশীল করে তোল।


**প্রথমে পদক্ষেপ নাও ঃ**

মানুষের সাথে আমাদের সমস্যা হতে পারে। তখন তুমি

অভিযোগ করোনা বরং যার সাথে সমস্যা তার সাথে আলাপ কর। তা যদি করতে না পার তবে তুমি চুপ করে থাক। তোমার কথা এবং কাজের জন্য তুমিই দায়ী। তাই তুমি কোন কিছু কাজ করার আগে ভালভাবে চিন্তা করো।

**তোমার কর্তব্য তুমি করো ঃ**

যেটি করতে হয় সেটি সঠিক সময়ে করবে। তাহলে একদিন তুমি যা করতে চাও সেটি যেকোন সময় করতে পার। যে কাজ ভাল লাগেনা সে কাজ থেকে যদি পালিয়ে যাও তাহলে তোমাকে সারা জীবন পালিয়ে বেড়াতে হবে।



স্বর্ণ-নিয়ম

তুমি যে ব্যবহার আশা কর, অন্যদের প্রতিও
ঠিক তেমন ব্যবহারই কর।

রৌপ্য-নিয়ম

অন্যদের এমন কিছু কর না, যেটা তুমি চাও না
তোমাকে করা হোক।

# মানব দায়িত্ব ঘোষণা ঃ

যদি আমাদের জীবনের অধিকার থাকে তবে জীবনকে শ্রদ্ধা করার দায়িত্বও থাকে।

যদি আমাদের স্বাধীনতার অধিকার থাকে তাহলে একদিন অন্যদের স্বাধীনতার শ্রদ্ধা করার দায়িত্বও আছে।

যদি আমাদের নিরাপত্তার অধিকার থাকে তাহলে প্রত্যেক মানুষের নিরাপদে থাকার ব্যবস্থা করার দায়িত্বও আছে।

যদি আমাদের দেশের রাজনীতির মধ্যে অংশগ্রহন করা এবং আমাদের নেতাদের নির্বাচন করার অধিকার থাকে তাহলে অংশগ্রহন করা এবং ভাল নেতাদের নির্বাচন করার দায়িত্বও আমাদের থাকে।

যদি আমাদের এবং পরিবারের গ্রহনযোগ্য জীবনমান নিশ্চিত করার জন্য ন্যায্য এবং সুবিধাজনক পরিস্থিতিতে কাজ করার অধিকার থাকে তাহলে আমাদের পূর্ণ দক্ষতা কাজে লাগানোর দায়িত্বও আছে।

যদি আমাদের চিন্তা, বিবেক এবং ধর্মীয় ক্ষেত্রে স্বাধীনতার অধিকার থাকে তাহলে অন্যদের চিন্তা, বিবেক এবং ধর্মীয় নিয়ম শ্রদ্ধা করার দায়িত্বও আছে।

যদি আমাদের শিক্ষিত হওয়ার অধিকার থাকে তাহলে শিক্ষা গ্রহনের দায়িত্বও আছে এবং অন্যদের সাথে আমাদের জ্ঞান ও অভিজ্ঞতা সহভাগিতা করার দায়িত্বও আছে।

Mikrakbo

MIKRAKBO PUBLICATIONS